অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/7/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হেনরি হাডসন ব্রিজ ব্যবহারকারী ব্রঙ্কস বাসিন্দা এবং ক্রস বে ব্রিজ ব্যবহারকারী কুইন্স বাসিন্দাদের জন্য টোল রিবেট আসার ঘোষণা করলেন

ক্রসিং দুইটির জন্য যথাক্রমে ব্রঙ্কস ও কুইন্সের বাসিন্দাদের জন্য রিবেট কর্মসূচিটি প্রদান করা হবে যারা নিবন্ধিত E-Z পাশ নিউ ইয়র্ক গ্রাহক সেবা কেন্দ্রের অ্যাকাউন্টধারী

2018 সালে তৈরি আউটার বরো পরিবহন অ্যাকাউন্ট দ্বারা রিবেটের অর্থায়ন হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে যথাক্রমে হেনরি হাডসন ব্রিজ (Henry Hudson Bridge) এবং ক্রস বে ব্রিজ (Cross Bay Bridge) ব্যবহারকারী ব্রঙ্কক্স ও কুইন্সের বাসিন্দাদের জন্য একটি টোল রিবেট কর্মসূচি আসতে চলেছে। আউটার বরো পরিবহন অ্যাকাউন্ট (Outer Borough Transportation Account) দ্বারা রিবেট সম্ভব হয়েছে, যা আউটার বরোর পরিবহন উন্নয়ন করতে অতিরিক্ত সংস্থান প্রদান করার জন্য 2018 সালে প্রতিষ্ঠা করা হয়েছে।

"ব্রঙ্কস ও কুইন্সের কর্মজীবী পরিবার যারা হেনরি হাডসন ব্রিজ এবং ক্রস বে ব্রিজের উপর নির্ভর করে, আমরা তাদের জন্য যাতায়াতকে সহজতর করছি", **গভর্নর হোকল বলেন।** "রিবেট কর্মসূচি বা আমাদের বাস্তবায়ন করা MTA সেবার ঐতিহাসিক বৃদ্ধির মাধ্যমে আমি সকল নিউ ইয়র্কবাসীর জন্য যাতায়াতকে আরো অ্যাক্সেসিবল করতে প্রতিশ্রুতিবদ্ধ," গভর্নর হোকল বলেন।

কর্মসূচির অধীনে, হেনরি হাডসন ব্রিজ পার হয়ে যাত্রার জন্য ব্রঙ্কস বাসিন্দাদের এবং ক্রস বে ব্রিজ হয়ে যাত্রার জন্য কুইন্সের বাসিন্দাদেরকে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) রিবেট প্রদান করবে। একজন চালক কর্মসূচির জন্য যোগ্য হবে যদি তারা হেনরি হাডসন ব্রিজ রিবেটের জন্য একজন ব্রঙ্কসের বাসিন্দার নামে নিবন্ধিত বা ক্রস বে ব্রিজ রিবেটের জন্য একজন কুইন্সের বাসিন্দার নামে নিবন্ধিত একটি বৈধ নিউ ইয়র্ক গ্রাহক সেবা কেন্দ্রের (New York Customer Service Center, NYCSC) E-Zপাশ (E-ZPass) অ্যাকাউন্ট দ্বারা বাসিন্দা রিবেট কর্মসূচির জন্য নিবন্ধন করে। ইতিমধ্যে রিবেটের নির্ণায়ক পূরণ করা NYCSC E-Zপাশ গ্রাহকেরা স্বয়ংক্রিয়ভাবে MTA ব্রিজ এবং টানেল (MTA Bridges and Tunnels) কর্তৃক তালিকাভুক্ত হবে এবং তাদের তা জানানো হবে, এবং যারা যোগ্য কিন্তু কোনো পদক্ষেপ গ্রহণ প্রয়োজন তারা কীভাবে যথাযথভাবে নিবন্ধন করতে হবে সেই সম্পর্কে নির্দেশনা লাভ করবে। কর্মসূচিটি 2024 সালের ফেব্রুয়ারিতে শুরু হবে বলে আশা করা যাচ্ছে। আরো তথ্য

সন্ধানী গ্রাহকেরা MTA ব্রিজ এবং টানেলের বাসিন্দা কর্মসূচিসমূহ (MTA Bridges and Tunnels Resident Programs) ভিজিট করতে পারবে।

MTA প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "আইনসভা এমনভাবে এই তহবিল বাস্তবায়িত করেছে যার উদ্দেশ্য আঞ্চলিক টোল ব্যবস্থাকে ভিড় ব্যবস্থাপনার একটি ব্যবস্থায় আবর্তিত করা।"

MTA ব্রিজ এবং টানেলের প্রেসিডেন্ট ক্যাথেরিন শেরিডান বলেন, "আঞ্চলিক সচলতা সর্বোচ্চ করা অব্যাহত করতে আইনসভার প্রতিশ্রুতিকে এই কর্মসূচিটি তুলে ধরে। আমরা আনন্দিত যে নতুন এই কর্মসূচির মাধ্যমে ব্রঙ্কস ও কুইন্সের বাসিন্দারা পূর্ণাঙ্গ রিবেটসহ স্থানীয় যাতায়াত উপভোগ করতে পারবে।"

স্টেটের সিনেটর জোসেফ পি. আডাবো জুনিয়র বলেন, "আমরা কুইন্সের বাসিন্দাদের জন্য ক্রস বে ভেটেরান্স মেমোরিয়াল ব্রিজের অন্যায্য আরোপিত টোল রিবেট করা দেখতে চলেছি। এটি রদ করা একটি যুগান্তকারী বিজয় এবং নির্বাচিত কর্মকর্তা এবং বাসিন্দারা এটি অর্জন করার জন্য বহু দশক ধরে চেষ্টা করে আসছে। এই অর্জনের ফলে বাসিন্দারা শহরের একমাত্র বরোর অভ্যন্তরীণ টোলের জন্য রিবেট পাবে, যা অর্থনৈতিক বিকাশ এবং রকাওয়ে পেনিনসুলা উপভোগ করার ক্ষেত্রে সহায়তা করবে, এবং সম্প্রদায়, গভর্নর হোকল, MTA, এবং স্টেট পর্যায়ের নির্বাচিত কর্মকর্তাদের সামগ্রিক প্রয়াস ছাড়া এটি অর্জন করা সম্ভব হতো না।"

স্টেটের সিনেটর জেমস স্যান্ডার্স বলেন, "ক্রস বে ব্রিজের উপর নির্ভর করা কুইন্স বাসিন্দাদের সামান্য স্বস্তি দেওয়ার পদক্ষেপ গ্রহণ করতে পেরে আমি খুশি। এই রিবেট যাতায়াতকে আরো সাশ্রয়ী করতে সাহায্য করবে এবং কর্মজীবী পরিবারের কাছে অর্থ ফেরত দিবে।"

স্টেটের সিনেটর গুস্তাভো রিভেরা বলেন, "গুরুত্বপূর্ণ এই রিবেটটি হবে আমার জেলার হেনরি হাডসন ব্রিজ ব্যবহার করা যোগ্য বাসিন্দাদের জন্য একটি স্বাগত সুবিধা। গুরুত্বপূর্ণ এই কর্মসূচির জন্য তহবিল নিশ্চিত করার জন্য আমি আইনসভাকে ধন্যবাদ জানাতে চাই এবং ব্রঙ্কস বাসিন্দারা যখন আরো সাশ্রয়ী পরিবহন দ্বারা লাভবান হলে আমি সবসময়ই আনন্দিত হই।"

অ্যাসেম্বলি সদস্য জেফ্রি ডিনোউইজ বলেন, "হেনরি হাডসন ব্রিজ টোলের জন্য রিবেট নিশ্চিত করা আমার একটি শীর্ষ অগ্রাধিকার ছিলো। কোভিড-19 মহামারী এর বাস্তবায়ন বিলম্বিত করেছিলো, এখন এটি পাশ হতে যাচ্ছে। আপনি যদি ব্রঙ্কসের একজন বাসিন্দা হন যার ব্রঙ্কসে নিবন্ধিত একটি গাড়ি এবং একটি অর্থায়িত E-Zপাশ রয়েছে, তাহলে আপনার হেনরি হাডসন ব্রিজের টোল তাৎক্ষণিকভাবে রিবেট হয়ে যাবে। আমি এর জন্য জোর লড়াই করেছি কারণ এই ছোট ব্রিজটিতে টোল পরিশোধ করা ব্রঙ্কজাইটদের জন্য একটি অনুচিত চাপ। দারুণ এই চিন্তার সমর্থন করার জন্য আমি গভর্নর ক্যাথি হোকল এবং MTA কে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য স্টেসি ফেফার আমাটো বলেন, "প্রতিশ্রুতি দেওয়া হয়েছিলো, প্রতিশ্রুতি পূরণ করা হয়েছে, ক্রস বে ভেটেরান্স মেমোরিয়াল ব্রিজের কুইন্স বাসিন্দার টোল রিবেট কর্মসূচি

এখন বাস্তব হতে যাচ্ছে! বহু বছরের পরিশ্রম এবং অধ্যবসায়ের পর, সিনেটর আডাবোর সাথে আমি যেই বিধিমালা পাশ করেছি তার মাধ্যমে নিউ ইয়র্ক E-Zপাশ ব্যবহার করা এবং কর্মসূচির জন্য নিবন্ধন করা কুইন্সের সকল বাসিন্দা তাদের সম্পূর্ণ বরোর, বিশেষ করে রকাওয়ে পেনিনসুলার পূর্ণাঙ্গ অ্যাক্সেস পাবে। কুইন্সের সকলের জন্য অর্থনৈতিক সুযোগ নিশ্চিত করার একটি প্রতিবন্ধকতা আমরা অপসারণ করছি তাই এই ব্যবস্থা বাস্তবায়ন করার জন্য আমি MTA এবং গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য খলিল অ্যান্ডার্সন বলেন, "কুইন্স বাসিন্দা রিবেট টোল কর্মসূচিটি আমার নাগরিকদের জন্য সমতা প্রদান করতে সাহায্য করবে যাদের পাঁচটি বরোর মধ্যে সবথেকে দীর্ঘতম কিছু যাত্রাপথ পার হতে হয়। এটিকে বাস্তবে পরিণত করতে সাহায্য করার জন্য আমি আমার সহকর্মী অ্যাসেম্বলিওম্যান স্টেসি ফেফার আমাটো এবং সিনেটর জো আডাবোকে, এবং সেই সাথে গভর্নর ও MTA কে ধন্যবাদ জানাতে চাই।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন